

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস বন্ড কমিশনারেট

৪২, এম. এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম।

ওয়েবসাইট : www.cbcctg.gov.bdই-মেইল: cbcctg@yahoo.com, ফোন : ০২-৩৩৩৩৬৩২৫৩

নথি নং- এসস-৪৯/বন্ড/বিবিধ/৮৭-৮৮(অংশ-৪)/ ২৬৬৪

তারিখ : ২৬/০৬/২০২৬ খ্রিঃ।

বিষয় : আমদানিকৃত পণ্যচালান খালাস করার অনাপত্তি পত্র।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নথি নং-০৮.০১.০০০০.০৫৬.০২.০১২.১৫/৩৩২, তারিখ : ২২/০৬/২০২৬ খ্রিঃ।

০২। উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মেসার্স সীওয়েজ বন্ডেড ওয়্যার হাউজ লিঃ, জীবন বীমা ভবন, ১০৫৩, শেখ মুজিব রোড, আত্মবাদ, চট্টগ্রাম (বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নং-এস-৮-৪৯/৮৯ (HB301SB04987) তারিখঃ ২৬/০৮/১৯৮৯খ্রিঃ, মূসক নিবন্ধন নম্বর-০০০৫৩৮৯৪৩-০৫০৩, তারিখ-০১.০৭.২০১৯খ্রিঃ) নামীয় প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্স ৩১/০৩/২০২৭ খ্রিঃ পর্যন্ত নবায়িত রয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা পর্যাপ্ত পরিমাণ না থাকায় চট্টগ্রাম বন্দরে খালাসের অপেক্ষায় থাকা নিম্নে বর্ণিত পণ্য চালানসমূহ ছাড়করণের লক্ষ্যে প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে ২০২৬-২০২৭ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা হতে বিয়োজনের শর্তে জাতীয় রাজস্ব বোর্ড এর কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখার পত্র-নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০২.০১২.১৫/৩৩২, তারিখ: ২২/০৬/২০২৬ খ্রিঃ এর মাধ্যমে অনাপত্তি পত্র প্রদান করা হয়েছে।

SL.	NAME OF GOODS	BL NO. & DATE	INVOICE NO. & DATE	QUANTITY	INVOICE VALUE
1.	MARINE LUBRICANTS	MEDUXW042253 DATE: 05/06/2026	2633100700, 2633100701, 2633100749, & 2633100750 DATE: 31/05/2026	540 PKGS	USD 84,432.144
2.	MARINE PAINTS & THINNERS	271151179 DATE: 15/06/2026	56714518-A DATE: 29/05/2026	1845 PKGS	USD 42,087.93

০৩। বর্ণিত পণ্যচালানসমূহে খালাসের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিম্ন বর্ণিত শর্তাবলী আরোপ করা হয়েছে :

- আরোপণীয় শুল্ক-করাদির দ্বিগুন পরিমাণ মূল্যের Duty Bond ও Risk Bond যথাযথ নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল করতে হবে;
- আমদানিকৃত পণ্য যথাযথভাবে বন্ড রেজিস্টারে ইন্টু-বন্ড ও এক্স-বন্ড করতে হবে;
- আলোচ্য পণ্যচালানের বিপরীতে আইনানুগভাবে নিরূপিত শুল্কায়নমূল্য পরবর্তী ২০২৬-২০২৭ অর্থবছরের আমদানি প্রাপ্যতা থেকে বিয়োজন করা হবে; এবং
- উক্ত অনুমতি সম্পূর্ণরূপে সাময়িক ও ব্যতিক্রমী হিসেবে গণ্য হবে এবং এর মাধ্যমে ভবিষ্যতে স্বয়ংক্রিয়ভাবে কোন আমদানি প্রাপ্যতা বা অনুরূপ সুবিধা দাবি করা যাবে না।

০৪। বর্ণিতাবস্থায়, ভিন্নরূপ কোন নিষেধাজ্ঞা বা আইনগত বাধা না থাকলে আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্যচালানসমূহ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্রটির নির্দেশনা ও শর্তাবলীর যথাযথ অনুসরণ/বাস্তবায়নের মাধ্যমে ছাড় প্রদান করে এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র ০১(এক) পাতা।

০/০

২৩/০৬/২০২৬

(সুদীপ্ত মন্ডল গৌরব)

অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস (বন্ড) এর পক্ষে-

প্রাপক : কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

নথি নং- এসস-৪৯/বন্ড/বিবিধ/৮৭-৮৮(অংশ-৪)/ ২৬৬৪

তারিখ : ২৬/০৬/২০২৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স সীওয়েজ বন্ডেড ওয়্যার হাউজ লিঃ, জীবন বীমা ভবন, ১০৫৩, শেখ মুজিব রোড, আত্মবাদ, চট্টগ্রাম। আমদানিকৃত পণ্যচালানসমূহ ছাড় প্রদান করা হলে সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তার তত্ত্বাবধানে যথানিয়মে ও যথাসময়ে ইন্টু-বন্ড ও আউট-বন্ড/বিক্রি নিশ্চিত করার জন্য বলা হলো।
- সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
- সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম, আলোচ্য আমদানিকৃত পণ্য ছাড় প্রদান করা হলে যথানিয়মে ও যথাসময়ে ইন্টু-বন্ড ও আউট-বন্ড/বিক্রি নিশ্চিত করার জন্য বলা হলো।
- অফিস ফাইল।

০/০

২৩/০৬/২০২৬

(সুদীপ্ত মন্ডল গৌরব)

অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস